দৈনিক ইত্তেফাক

67

তারিখ ... ২/৪/৯৪ ... ...
পৃষ্ঠা ১ কলাম ৬ ... ...

## গুমতা হাইস্কুলে ডাকাতি ॥ ৮ জন গ্রেফতার ট্রাক উদ্ধার

দাউদকান্দি সংবাদদাতা ॥ মুরাদনগর থানার গুমতা ইসহাকিয়া উচ্চ বিদ্যালয়ে ও চান্দিনা থানার গুমতা গ্রামের আলকাছউদ্দীনের গৃহে গত ২৭শে মার্চ রাতে ২টি বড় ধরনের ডাকাতি সংঘটিত হইলে দাউদকান্দি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আমীর হোসেন ও দারোগা বিহার কুমারের নেতৃত্বে

(৪র্থ পৃঃ-দ্রঃ)

## গুমতা হাইস্কুলে ডাকাতি

(৩য় পৃঃ পর)

একদল পুলিশ ২৮শে মার্চ আন্তঃ-জেলা ডাকাত দলের ৮ জন সদস্যকে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে দাউদকান্দি টোল প্লাজার নিকট গ্রেফতার করিয়াছে এবং একটি ট্রাক (ঢাকা ন-৩৫) আটক করিয়াছে।

ডাকাত দলটি উক্ত বিদ্যালয়ের নৈশপ্রহরীর হাত-পা বাধিয়া বিজ্ঞানাগারের যন্ত্রপাতি ও ১৮টি ঢেউটিন এবং আলকাছ মিয়ার গৃহের লক্ষাধিক টাকার মালামাল ২টি ট্রাকে করিয়া ঢাকার দিকে নিয়া যাওয়ার কালে দাউদকান্দি থানার টহল পুলিশ ডাকাতদের গ্রেফতার করে এবং ট্রাকটি আটক করে। ডাকাতদের অপর ট্রাকটি অবশ্য ঢাকার দিকে পালাইয়া যায়।

গ্রেফতারকৃত ডাকাতদের নিকট হইতে পুলিশ ছোরা এবং অন্যান্য দেশী অস্ত্র ও ডাকাতির মালামাল উদ্ধার করিয়াছে।

গ্রেফতারকৃতরা হইল দীন ইসলাম পিতামৃত তমিজ উদ্দিন, গ্রাম দৌলতপুর, চাঁদপুর, সুরুজ মিয়া পিতামৃত আঃ রাজ্জাক, গ্রাম খোলাপাড়া লৌহজং মুন্সীগঞ্জ; আবদুছ ছালাম পিতামৃত জব্বর আলী জুরাইন ডেমরা ঢাকা; জিন্নত আলী পিতামৃত লালমিয়া, গ্রাম নওদাপাড়া ভেড়ামারা, কুষ্টিয়া আঃ রশীদ পিতা আঃ লতীফ শনির আখড়া ঢাকা, তৈয়বুদ্দীন পিতা-আলজউদ্দীন গ্রাম চিকনদি থানা পালং শরীয়তপুর, শাহআলম পিতা আজাদ গ্রাম রাজদিয়া সিরাজদীখান মুন্সীগঞ্জ ও হাতেম মিয়া পিতামৃত জুনাব আলী ইসলামবাগ লালবাগ, ঢাকা।

এই ব্যাপারে মুরাদনগর ও চান্দিনা থানায় মামলা হইয়াছে।